ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(Rajshahi University of Engineering & Technology)

স্নাতক কোর্সে ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষঃ ২০২৪-২০২৫

Website for Application: https://admission.ruet.ac.bd

RUET Website: www.ruet.ac.bd

ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Rajshahi University of Engineering & Technology (RUET)

১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি, ও বিআর্ক কোর্সে

ভর্তির নির্দেশিকা

শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি, ও বিআর্ক কোর্সে বিভিন্ন বিভাগে নির্ধারিত সংখ্যক আসনে শিক্ষার্থী ভর্তির জন্য প্রাক-নির্বাচনী (MCQ) এবং নির্বাচনী (লিখিত) পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় কেবলমাত্র প্রার্থীর মেধাস্থান এবং নিজস্ব পছন্দের ক্রমানুসারে বিভাগ নির্ধারণ করা হবে। ভর্তি আবেদন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পাদন করা হবে।

১। বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড থেকে ২০২১ খ্রি. অথবা ২০২২ খ্রি. এর মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ (চার) অথবা সমতুল্য গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২৪ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজী এ চার বিষয়ের প্রত্যেকটিতে ন্যূনতম জিপি ৪.০০ (চার) সহ মোট ন্যূনতম জিপি ১৮.০০ (আঠারো) পেতে হবে।

ঘ) প্রার্থী GCE ‘O’ লেভেল এবং ‘A’ লেভেল পরীক্ষায় পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE ‘O’ লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয়ে ন্যূনতম ‘B’ গ্রেড পেয়ে পাশ করতে হবে। GCE ‘A’ লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, ও রসায়নে পৃথক পৃথকভাবে কমপক্ষে ‘B’ গ্রেড পেয়ে পাশ হতে হবে। উল্লেখ্য, প্রার্থীকে ২০২৩ খ্রি. এর নভেম্বর বা তারপরে ‘A’ লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

ঙ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২৪ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে ৮০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে।

২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী নির্বাচনঃ

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজী-এ চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। প্রার্থী সংখ্যা বেশী হলে এ তালিকা থেকে প্রথম ২৪,০০০ (চব্বিশ হাজার) জন প্রার্থীকে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ২৪,০০০ (চব্বিশ হাজার)-তম প্রার্থী একাধিক হলে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থী সংখ্যা চূড়ান্ত করা হবে।

(খ) উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের সর্বোচ্চ তিন শিফটে বিভক্ত করে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষা নেয়া হবে। প্রতিটি শিফটে প্রার্থীদের উপস্থিতির আনুপাতিক হারে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচনী (লিখিত) পরীক্ষার জন্য প্রথম ৮,০০০ জন যোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হবে। তবে ৮,০০০ (আট হাজার)-তম প্রার্থী একাধিক হলে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নির্বাচনী (লিখিত) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থী সংখ্যা চূড়ান্ত করা হবে।

(গ) নির্বাচনী (লিখিত) পরীক্ষাতে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://admission.ruet.ac.bd) প্রকাশ করা হবে।

৩। ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ

ক)	আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শুরু	০৪ জানুয়ারি ২০২৫ সকাল ১০:০০ মি.
খ)	আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শেষ	১৪ জানুয়ারি ২০২৫ রাত ১১:৫৯ মি.
গ)	আবেদন ফি জমা দেওয়ার শেষ সময়	১৫ জানুয়ারি ২০২৫ বিকাল ০৫:০০ মি.
ঘ)	প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের নামের তালিকা প্রকাশের সর্বশেষ তারিখ	২৪ জানুয়ারি ২০২৫ রাত ১১:৫৯ মি.
ঙ)	প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড শুরু	২৫ জানুয়ারি ২০২৫
চ)	প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষা	০৮ ফেব্রুয়ারি ২০২৫ (পরীক্ষার শিফট ও সময় পরবর্তীতে RUET এর ওয়েবসাইটে https://admission.ruet.ac.bd প্রকাশ করা হবে)
ছ)	নির্বাচনী (লিখিত) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশের সম্ভাব্য তারিখ	১৩ ফেব্রুয়ারি ২০২৫
জ)	নির্বাচনী (লিখিত) পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড শুরু	১৬ ফেব্রুয়ারি ২০২৫
ঝ)	নির্বাচনী (লিখিত) পরীক্ষা	২০ ফেব্রুয়ারি ২০২৫ সকাল ১০:০০ মি.
ঞ)	নির্বাচনী (লিখিত) পরীক্ষার ফলাফল প্রকাশ	৮ মার্চ ২০২৫

৪। অনুষদ ভিত্তিক বিভিন্ন বিভাগের নাম, কোড ও আসন বিভাজনঃ

পুরকৌশল, তড়িৎ ও কম্পিউটার কৌশল এবং যন্ত্রকৌশল অনুষদসমূহে ১৪ টি বিভাগে সর্বমোট ১২৩৫ টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। ১২৩৫ টি আসনের মধ্যে সংরক্ষিত আসন রয়েছে ৫ টি। আর্কিটেকচার বিভাগে ৫ বছর মেয়াদী এবং অন্যান্য সকল বিভাগে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী প্রদান করা হয়। অনুষদভিত্তিক বিভিন্ন বিভাগের নাম, কোড ও আসন বিভাজন নিম্নে উল্লেখ করা হলোঃ

	বিভাগ	কোড	আসন
	পুরকৌশল অনুষদ		
১	সিভিল ইঞ্জিনিয়ারিং (Civil Engineering)	CE	১৮০
২	আরবান এন্ড রিজিওনাল প্লানিং (Urban & Regional Planning)	URP	৬০
৩	আর্কিটেকচার (Architecture)	Arch	৩০
৪	বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (Building Engineering & Construction Management)	BECM	৩০
	তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ		
১	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (Electrical & Electronic Engineering)	EEE	১৮০
২	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (Computer Science & Engineering)	CSE	১৮০
৩	ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (Electronics & Telecommunication Engineering	ETE	৬০
৪	ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (Electrical & Computer Engineering)	ECE	৬০
	যন্ত্রকৌশল অনুষদ		
১	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (Mechanical Engineering)	ME	১৮০
২	ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (Industrial & Production Engineering)	IPE	৬০
৩	গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং (Glass & Ceramic Engineering)	GCE	৬০
৪	মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (Mechatronics Engineering)	MTE	৬০
৫	কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (Chemical Engineering)	ChE	৩০
৬	ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (Materials Science & Engineering)	MSE	৬০
		মোট	১২৩০
		সংরক্ষিত আসন (বান্দরবান জেলার অধিবাসী ০১ টি, পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী ০৪ টি)	০৫
		সর্বমোট	১২৩৫

৫। ভর্তি পরীক্ষার ফিঃ

ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি পরীক্ষার ফি প্রদান করে submit করতে হবে।

গ্রুপ	বিভাগ	ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ ব্যতীত)
'ক'	ইঞ্জিনিয়ারিং ও ইউআরপি	১২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা
'খ'	ইঞ্জিনিয়ারিং, ইউআরপি, ও আর্কিটেকচার	১৪৫০/- (এক হাজার চারশত পঞ্চাশ) টাকা

<u>বিশেষ দ্রষ্টব্য:</u> আবেদনকৃত প্রার্থী প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য অযোগ্য বিবেচিত হলে আবেদনকারী কর্তৃক ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি হতে তাকে ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা কর্তন করে বাকি টাকা ফেরত প্রদান করা হবে।

৬। প্রাক-নির্বাচনী (MCQ) এবং নির্বাচনী (লিখিত) পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচীঃ

গ্রুপ	বিষয়	পাঠ্যসূচী
'ক' ও 'খ'	গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজী	২০২৪ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পাঠ্যসূচী

৭। প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষার বিষয়সমূহ, প্রশ্ন পত্রের ধরণ ও নম্বরের বিন্যাসঃ

বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদের বিভিন্ন বিভাগের জন্য 'ক' ও 'খ' গ্রুপের আওতায় এক দিনে সর্বোচ্চ তিন শিফটে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রাক- নির্বাচনী (MCQ) পরীক্ষায় 'ক' ও 'খ' উভয় গ্রুপের জন্য সর্বমোট ১০০ নম্বরের MCQ পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫ শতাংশ নম্বর কর্তন হবে। পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নীচের ছকে দেয়া হলোঃ

গ্রুপ	বিষয়	প্রশ্ন সংখ্যা	মোট নম্বর (বিষয় ভিত্তিক)	সর্বমোট নম্বর	সময়
'ক' ও 'খ'	গণিত	৩০	৩০	১০০	০১ ঘন্টা
	পদার্থবিদ্যা	৩০	৩০		
	রসায়ন	৩০	৩০		
	ইংরেজী	১০	১০		

৮। নির্বাচনী (লিখিত) পরীক্ষার বিষয়সমূহ, প্রশ্নপত্রের ধরণ ও নম্বরের বিন্যাসঃ

নির্বাচনী (লিখিত) পরীক্ষায় 'ক' ও 'খ' উভয় গ্রুপের জন্য সর্বমোট ৩৫০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং 'খ' গ্রুপের ভর্তিচ্ছু প্রার্থীদেরকে অতিরিক্ত ১০০ নম্বরের মুক্তহস্ত অংকন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রত্যেক গ্রুপের পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নীচের ছকে দেয়া হলোঃ

গ্রুপ	বিষয়	প্রশ্ন সংখ্যা	মোট নম্বর (বিষয় ভিত্তিক)	সর্বমোট নম্বর	সময়
'ক' ও 'খ'	গণিত	১০	১০০	৩৫০	০২ ঘন্টা ৩০ মিনিট
	পদার্থবিদ্যা	১০	১০০		
	রসায়ন	১০	১০০		
	ইংরেজী	৫	৫০		
'খ'	মুক্তহস্ত অংকন	৪	১০০	১০০	০১ ঘন্টা

৯। ভর্তির ন্যূনতম যোগ্যতাঃ

(ক) শুধুমাত্র নির্বাচনী (লিখিত) পরীক্ষায় প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে ভর্তিযোগ্য প্রার্থীর মেধাস্থান নির্ধারণ করা হবে। প্রার্থীদের মেধাস্থান অনুসারে ভর্তিযোগ্য প্রার্থীদের ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ ও ইউআরপি বিভাগের জন্য একটি মেধাতালিকা এবং আর্কিটেকচার বিভাগের জন্য একটি পৃথক মেধাতালিকা প্রকাশ করা হবে।

(খ) একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই মোট নম্বর পেলে সে ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ ও ইউআরপি বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজীতে প্রাপ্ত নম্বরের এবং আর্কিটেকচার বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে মুক্তহস্ত অংকন, গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হবে।

(গ) সংরক্ষিত আসনে ভর্তির জন্য ভর্তিযোগ্য প্রার্থীদের আলাদা মেধাতালিকা প্রকাশ করা হবে।

১০। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলীঃ

১০.১ দেশের শিক্ষাবোর্ড থেকে পাশকৃতদের জন্যঃ

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত আবেদন ফি Credit Card/Debit Card/Mobile Banking অথবা Internet Banking-এর মাধ্যমে প্রদানপূর্বক ভর্তির আবেদন ফর্ম কেবলমাত্র অনলাইনে পূরণ করতে হবে। আবেদন সম্পন্ন করার জন্য প্রার্থীদের সদ্য তোলা রঙিন ছবি (অনধিক তিন মাস, 300×350 pixel, 75 KB maximum) ও একটি স্বাক্ষর (300×80 pixel, 20 KB maximum) এর soft কপি (jpg format) প্রয়োজন হবে।

<u>আবেদনের জন্য নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে:</u>

Step 1: প্রথমে <u>https://admission.ruet.ac.bd</u> এ প্রবেশ করতে হবে এবং **<u>Apply now</u>** button এ **Click** করতে হবে।
Important instruction ভালোভাবে পড়ে **<u>Yes, I Understand all instructions</u>** check box এ Click করে **<u>Proceed</u>** করতে হবে।

Step 2: সতর্কতার সাথে বোর্ড, SSC ও HSC এর রোল নং ও পাশের সাল এবং Captcha পূরণ করে **<u>Continue</u>** করতে হবে।

Step 3: এই Step এ Application submission form পাওয়া যাবে। প্রার্থীর সকল তথ্য পূরণ করতে হবে। গ্রুপ Select করতে হবে ('ক' অথবা 'খ')। Quota প্রার্থীদের এই Step এ তার জন্য প্রযোজ্য Quota Select করতে হবে। নির্দেশনা মতে, আবেদনকারীর সদ্য তোলা (অনধিক ৩ মাস) রঙ্গিন ছবি এবং স্বাক্ষর Upload করতে হবে। **I agree** check box এ Click করতে হবে। প্রার্থী চাইলে **Preview** দেখতে পারবে। সকল তথ্য নিশ্চিত হয়ে **Submit** করতে হবে।

Step 4: সফলভাবে আবেদন সম্পন্ন হলে "Application Submitted Successfully" দেখা যাবে। এছাড়া এই Step এ প্রার্থীর Application ID এবং Password দেখানো হবে যা পরবর্তিতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে। এখান থেকে **Pay Examination Fees** Click **করে** Payment Page এ যেতে হবে।

Step 5: প্রার্থীকে Credit Card/Debit Card/Mobile Banking অথবা Internet Banking এর মাধ্যমে ৫ নং অনুচ্ছেদে বর্ণিত ছক অনুযায়ী নির্ধারিত আবেদন ফি পরিশোধ করতে হবে। সঠিকভাবে Payment সম্পন্ন হলে "Your payment has been completed successfully" দেখাবে এবং সেখান থেকে Dashboard এ login করে Payment slip download করা যাবে। Payment করার পর কোন প্রার্থী একই গ্রুপে পরবর্তীতে পুনরায় আবেদন করতে পারবে না।

Step 6: প্রার্থী Online Application System এর Dashboard এর মাধ্যমে Application ID ও Passward প্রদান করে Login করতে পারবে এবং Application form, Application Receipt এবং Payment Receipt download করতে পারবে। প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশের পর প্রাক-নির্বাচনী (MCQ) প্রবেশপত্র (Admit card) download করা যাবে।
Step 2 তে GCE A/O level select করলে Submission Form এ সকল তথ্যের সাথে সাথে GCE 'A' এবং 'O' Level বা সমমানের পরীক্ষার গ্রেডশিটের Scanned copy zip file আকারে Upload করতে হবে। Step 3 তে Quota Select করলে Quota সংশ্লিষ্ট প্রমানপত্র jpg format এ Upload করতে হবে।

Step 7: প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচনী (লিখিত) পরীক্ষায় অংশগ্রহনের জন্য যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশের পর নির্বাচনী (লিখিত) পরীক্ষার প্রবেশ পত্র (Admit card) download করা যাবে।

প্রবেশপত্র (Admit card) সংগ্রহ :

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশের পর যোগ্য আবেদনকারীকে https://admission.ruet.ac.bd website এ গিয়ে Dashboard এ login করতে হবে। এখান থেকে Admit card (প্রাক-নির্বাচনী (MCQ) এবং নির্বাচনী (লিখিত)) এর pdf download করা যাবে। উক্ত Admit card টি A4 size এর সাদা কাগজে রঙ্গিন প্রিন্ট নিতে হবে। **প্রবেশপত্র (Admit card) ব্যতীত কোন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করতে দেয়া হবে না।**

বিশেষ দ্রষ্টব্য:

(ক) অনলাইন পদ্ধতিতে আবেদনের সময় বিশেষ সতর্কতা অবলম্বন এবং নির্দেশনাসমূহ ভালোভাবে অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হলো।
(খ) অনলাইন পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পাদন করার পর আর কোন ধরনের পরিবর্তন করা যাবে না।
(গ) নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যে কোন সময় অনলাইন পদ্ধতিতে আবেদন করা যাবে।
(ঘ) অনলাইনে আবেদন ফি পরিশোধ অথবা আবেদন সংক্রান্ত সমস্যার জন্য নিম্নলিখিত মোবাইল নম্বরসমূহে (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা) এবং support.ugadmission@ruet.ac.bd ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

আবেদন ফি পরিশোধ সংক্রান্ত সমস্যা:	১৬৪৪৪ (SSL Helpline)
অনলাইনে আবেদন সংক্রান্ত সমস্যা:	০১৩২৬৭৩৪৩৮৮, ০১৩২৬৭৭০৪৭৯

১০.২ বিদেশী শিক্ষাপ্রতিষ্ঠান হতে পাশকৃতদের জন্যঃ

বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশ করা অথবা GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেল পাশ করা ছাত্র-ছাত্রীরা অনলাইন এর মাধ্যমে আবেদন করতে পারবে। তবে আবেদনকারীকে ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে https://admission.ruet.ac.bd নির্দেশিত পদ্ধতিতে নির্ধারিত আবেদন ফি পরিশোধ করে এবং নিম্নলিখিত ডকুমেন্টসমূহ jpg format এ আপলোড করে আবেদন করতে হবে।

i. মাধ্যমিক/ GCE 'O' লেভেল বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশিটের Scanned কপি।
ii. উচ্চ মাধ্যমিক/ GCE 'A' লেভেল বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশিটের Scanned কপি।

বিশেষ দ্রষ্টব্য:

ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admission.ruet.ac.bd) হতে স্নাতক ১ম বর্ষ ভর্তি নির্দেশিকা ২০২৪-২০২৫ ডাউনলোড করা যাবে। ভর্তি নির্দেশিকায় উল্লেখিত নিয়মাবলী আবেদনকারীদের অনুসরণ করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি/ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে উপরে উল্লেখিত মোবাইল নম্বরসমূহে অথবা ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১১.১ প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষাঃ

(ক) ২০২৪ খ্রি. এর উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য গণিত, পদার্থবিদ্যা, ও রসায়ন বিষয়ে যে পাঠ্যসূচী নির্ধারিত ছিল এবং ইংরেজী (Functional English) এর উপর ভিত্তি করে গ্রুপ 'ক' ও গ্রুপ 'খ' এর জন্য প্রাক-নির্বাচনী পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষার বিষয়সমূহ, প্রশ্নপত্রের ধরণ ও নম্বরের বিন্যাস ৭ নং অনুচ্ছেদে বর্ণিত রয়েছে।
(খ) প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষার প্রতিটি প্রশ্নের মান ০১ (এক)।
(গ) MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য প্রশ্নে বরাদ্দকৃত নম্বরের ২৫% নম্বর কর্তন হবে।
(ঘ) OMR Sheet এ একই প্রশ্নের উত্তরে একাধিক বৃত্ত ভরাট করলে উত্তর ভুল বলে গণ্য হবে।
(ঙ) OMR Sheet এ শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলমের মাধ্যমে বৃত্ত ভরাট করা যাবে। বৃত্ত ভরাটের জন্য পেন্সিল, জেল পেন বা ফাউন্টেন পেন ব্যবহার করা যাবে না।
(চ) পরীক্ষা শুরুর ১৫ মিনিট পরে পরীক্ষার্থী হলে প্রবেশ করতে পারবে না এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষার কক্ষ ত্যাগ করতে পারবে না।

১১.২ নির্বাচনী (লিখিত) পরীক্ষাঃ

(ক) বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল, তড়িৎ ও কম্পিউটার কৌশল এবং যন্ত্রকৌশল অনুষদসমূহের বিভিন্ন বিভাগের জন্য গ্রুপ 'ক' ও 'খ' এর আওতায় একই দিনে নির্বাচনী (লিখিত) পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২০২৪ খ্রি. এর উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন বিষয়ে যে পাঠ্যসূচী নির্ধারিত ছিল এবং ইংরেজী (Functional English) এর উপর ভিত্তি করে গ্রুপ 'ক' ও 'খ' এর জন্য লিখিত নির্বাচনী পরীক্ষা এবং গ্রুপ 'খ' এর আর্কিটেকচার বিভাগের জন্য অতিরিক্ত মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে। নির্বাচনী (লিখিত) পরীক্ষার বিষয়সমূহ, প্রশ্নপত্রের ধরণ ও নম্বরের বিন্যাস ৮ নং অনুচ্ছেদে বর্ণিত রয়েছে। উল্লেখ্য যে, 'ক' ও 'খ' গ্রুপের নির্বাচনী (লিখিত) পরীক্ষা ২০ ফেব্রুয়ারি ২০২৫ সকাল ১০:০০ মি. হতে শুরু হয়ে দুপুর ১২:৩০ মি. পর্যন্ত চলবে।

(খ) নির্বাচনী (লিখিত) পরীক্ষার গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রতিটি প্রশ্নের মান ১০ এবং মুক্তহস্ত অংকনের প্রতিটি প্রশ্নের মান ২৫।

(গ) মুক্তহস্ত অংকনের জন্য পেন্সিল ব্যবহার করা যেতে পারে।

(ঘ) গ্রুপ 'খ' এর নির্বাচনী (লিখিত) পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র জমা দিবে। এরপর একই আসনে ১৫ মিনিট পরে মুক্তহস্ত অংকন দুপুর ১২.৪৫ মি. হতে শুরু হবে।

(ঙ) পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে পরীক্ষার্থী পরীক্ষার কক্ষে প্রবেশ করতে পারবে না এবং পরীক্ষা শুরু হওয়ার পর ১ ঘন্টা অতিবাহিত না হলে পরীক্ষার কক্ষ ত্যাগ করতে পারবে না।

বিশেষ দ্রষ্টব্য:

(ক) মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ বা অন্য যে কোন ডিজিটাল ডিভাইস, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ব্যাগ নিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করা যাবে না।

(খ) পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন বা কারো সাথে দুর্ব্যবহার করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

(গ) প্রাক-নির্বাচনী (MCQ) এবং নির্বাচনী (লিখিত) পরীক্ষার দিন প্রার্থীর উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও ডাউনলোডকৃত ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের হার্ডকপি (Color Print) অবশ্যই সঙ্গে আনতে হবে।

(ঘ) প্রাক-নির্বাচনী (MCQ) এবং নির্বাচনী (লিখিত) পরীক্ষায় নির্ধারিত সময়ের ন্যূনতম ৩০ মিনিট পূর্বেই পরীক্ষা কক্ষের নির্ধারিত আসনে আসন গ্রহণ করতে হবে।

(ঙ) পরীক্ষার্থীগণ নিজস্ব পানি (সর্বোচ্চ ৬০০ মিলি মাপের স্বচ্ছ Plastic/PET বোতলে) বহন করতে পারবে।

(চ) ভর্তি পরীক্ষার সময় কেবলমাত্র বলপয়েন্ট কলম, পেন্সিল, ইরেজার ও ক্যালকুলেটর আনা যাবে। শুধুমাত্র নিম্নবর্ণিত ছকে উল্লেখিত মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, ইহা ব্যতীত অন্য কোন মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। একজন পরীক্ষার্থী সর্বোচ্চ ০২ টি ক্যালকুলেটর পরীক্ষার হলে ব্যবহার করতে পারবে।

List of Permissible Calculators During Admission Test

CANON	F200	F401	F402	F500	F501	F502
	F601	F602	F604	F612	F720	
CASIO	FX82 SUPER	FX82MS				
	FX100MS	FX100 ES	FX100 ES PLUS			
	FX115MS					
	FX570MS	FX570ES	FX570 ES PLUS	FX570W		
	FX911MS	FX911S				
	FX991D	FX991ES	FX991 ES PLUS	FX991H	FX991MS	FX991MS2
	FX992S	FX991EX	FX99lCW			
SHARP	EL506L	EL506R	EL506V	EL509G	EL509L	EL509R
	EL509V	EL510R	EL520G	EL520L		
	EL531GH	EL531LH	EL531P	EL531RH	EL531V	EL531VB
	EL531VH	EL546G	EL546L	EL546R	EL546VA	
	EL553	EL556G	EL556L			
TEXAS INSTRUMENTS	BA REAL ESTATE	BA35SOLAR	BAIIPLUS			
	TI25STAT	TI 30 Challenger	TI30X	TI30XA	TI 30X SOLAR	TI-30XIIS
	TI-30XIIB	TI 32 Xplorer PLUS	TI34	TI35X	TI36 SOLAR	TI 36X SOLAR

বিশেষ দ্রষ্টব্য:

(ক) ১৪ জানুয়ারি ২০২৫ রাত ১১:৫৯ মি. পরে অনলাইনে আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে। এরপর অনলাইনে আর কোন আবেদনপত্র Submit করা যাবে না।

(খ) উপর্যুক্ত যে কোন বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীকে এবং ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদেরকে আলাদাভাবে কোন চিঠি ইস্যু করা হবে না। ভর্তি ও আসন সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে https://admission.ruet.ac.bd পাওয়া যাবে।

(গ) বিশেষ পরিস্থিতির প্রেক্ষিতে ৩ নং অনুচ্ছেদের ছকে বর্ণিত তারিখ ও সময়সূচীর পরিবর্তন হতে পারে। এ বিষয়ে সংশোধনী অথবা প্রয়োজনীয় তথ্যাদি ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে https://admission.ruet.ac.bd প্রকাশ করা হবে।

১২। বিভাগ নির্বাচনের নিয়মাবলীঃ

(ক) মেধাতালিকার ভর্তিচ্ছু সকল প্রার্থীদের কাছ থেকে অনলাইনে ভর্তি পরীক্ষার ওয়েবসাইট https://admission.ruet.ac.bd এর মাধ্যমে বিভাগ পছন্দক্রম গ্রহণ করা হবে যা পরবর্তীতে আর কোন পরিবর্তন করা যাবে না। অনলাইনে পছন্দক্রম দেওয়ার বিস্তারিত নির্দেশনা ফলাফল প্রকাশের সময় ওয়েবসাইটে নোটিশের মাধ্যমে জানানো হবে।

(খ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মেধাস্থান এবং প্রার্থীদের পছন্দক্রম অনুসারে ভর্তিকৃত প্রার্থীদের প্রাপ্ত বিভাগ নির্ধারণ করা হবে।

(গ) ভর্তির নিয়মাবলী মেনে মেধাতালিকা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত দিনে সাধারণ প্রার্থীদের ও সংরক্ষিত আসনের প্রার্থীদের ভর্তি করানো হবে। ভর্তিকৃত প্রার্থীদের প্রাপ্ত বিভাগ, মোট শূন্য আসন সংখ্যা এবং পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা পরবর্তী ভর্তির নির্ধারিত তারিখের আগেই জানিয়ে দেওয়া হবে।

(ঘ) ইঞ্জিনিয়ারিং ও ইউআরপি বিভাগসমূহের জন্য ভর্তিযোগ্য প্রার্থীদের ১৩ (তের) টি পছন্দক্রম জমা দিতে হবে। যদি 'খ' গ্রুপের কোন প্রার্থী ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহে অথবা ইউআরপি বিভাগে ভর্তি হওয়ার পর আর্কিটেকচার বিভাগে ভর্তি হতে চায়, তাহলে তাকে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহে অথবা ইউআরপি বিভাগে ভর্তি বাতিল করে আর্কিটেকচার বিভাগে ভর্তি হতে হবে। পরবর্তিতে ইঞ্জিনিয়ারিং ও ইউআরপি বিভাগের জন্য সে আর প্রার্থী বিবেচিত হবে না। অনুরূপভাবে, কোন প্রার্থী আর্কিটেকচার বিভাগে ভর্তি হওয়ার পর যদি ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহে অথবা ইউআরপি বিভাগে ভর্তি হতে চায় তাহলে আর্কিটেকচার বিভাগে ভর্তি বাতিল করে ইঞ্জিনিয়ারিং ও ইউআরপি বিভাগে ভর্তি হতে হবে। পরবর্তিতে সে প্রার্থী আর আর্কিটেকচার বিভাগের জন্য বিবেচিত হবে না। উভয়ক্ষেত্রে প্রার্থীকে ভর্তি সংক্রান্ত ফি দ্বিতীয়বার জমা দেওয়ার প্রয়োজন হবে না।

(ঙ) এ পদ্ধতিতে আসন পূর্ণ না হওয়া সাপেক্ষে ওরিয়েন্টেশনের আগের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিলজনিত কারণে কোনো আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে অটোমাইগ্রেশন চলবে। তবে প্রার্থী ইচ্ছা করলে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে।

(ছ) ভর্তিকৃত কোনো প্রার্থী ভর্তি বাতিল করতে চাইলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে ওরিয়েন্টেশনের আগের দিন পর্যন্ত ভর্তি বাতিল করতে পারবে। তবে ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে চাইলে তা বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে।

১৩। ভর্তির নিয়মাবলীঃ

প্রার্থীকে নিজে online-এ ভর্তির জন্য নির্ধারিত ফরম পূরণ করে submit করতে হবে। ভর্তির জন্য বিভাগের পছন্দক্রম online submission করার পর আর পরিবর্তন করা যাবে না।

ক) ভর্তির সময় জমা দিতে হবে

i. শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এইচ.এস.সি. বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড।
ii. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
iii. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশিট এর মূলকপি।
iv. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশিট এর মূলকপি।
v. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।
vi. সদ্য তোলা (অনধিক ৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়ন ব্যতীত)।
vii. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
viii. সংরক্ষিত আসন (বান্দরবান জেলার অধিবাসী, পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী) এ ভর্তির জন্য
- স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।
- উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠীর গোত্রের মোড়ল/হেডম্যান/গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট স্থানীয় থানা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক সত্যায়িত হতে হবে।

(খ) প্রার্থীদের নিরীক্ষা কমিটি দ্বারা সনদপত্রের সত্যতা যাচাই এবং বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

(গ) স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে ভর্তি কমিটির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে মূল গ্রেডশিট এবং মূল/সাময়িক সনদপত্রসমূহ অবশ্যই দুই বছরের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে। কেবলমাত্র ভর্তি বাতিলক্রমে দুই বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত সনদপত্রাদি ফেরত পাওয়া যাবে।

(ঘ) নির্বাচিত প্রার্থীদের ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত তথ্যাবলী ও বিজ্ঞপ্তি জানানোর জন্য আলাদাভাবে কোন প্রকার চিঠি পাঠানো হবে না। প্রার্থী নিজ দায়িত্বে ভর্তি ও পরবর্তীতে ক্লাস শুরু সমন্ধে সকল তথ্য জেনে নেবে। এতদসংক্রান্ত যাবতীয় তথ্য অত্র বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে **https://admission.ruet.ac.bd** পাওয়া যাবে।

১৪। বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়াঃ

বিদেশী ছাত্র/ছাত্রী ভর্তির জন্য https://www.ruet.ac.bd এর মাধ্যমে প্রকাশিত Application Form অনুসারে Apply করতে হবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল ২০২৫ খ্রি.।

১৫। ভর্তি/ভর্তির যোগ্যতা বাতিলঃ

(ক) কোন ভুল তথ্য ছাত্রত্ব থাকাকালীন যে কোন সময় ধরা পড়লে এবং প্রমাণিত হলে ভর্তি বাতিল হবে।
(খ) প্রার্থী ভর্তির নির্ধারিত দিনে উপস্থিত না হলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
(গ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্য কারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।

১৬। স্বাস্থ্য পরীক্ষাঃ

বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড কর্তৃক ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণশক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয়, তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে Blood Group Test এর রিপোর্ট নিয়ে আসতে হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ডের নিকট জমা দিতে হবে। প্রয়োজনবোধে ভর্তির নিমিত্তে গঠিত চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট মেডিক্যাল বোর্ডের নির্দেশনা মোতাবেক জমা দিতে হবে। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে। ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (**https://admission.ruet.ac.bd**) থেকে স্বাস্থ্য পরীক্ষার নির্ধারিত ফর্ম ডাউনলোড করা যেতে পারে।

১৭। সংরক্ষিত আসনঃ

সংরক্ষিত আসনের বিপরীতে নিম্নবর্ণিত ছক অনুযায়ী ভর্তির জন্য আসন সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনে ভর্তির জন্য অনুচ্ছেদ-৯ (গ) এ বর্ণিত মেধাক্রম অনুসারে যোগ্যতা থাকতে হবে। ভর্তির জন্য অন্য কোন ধরনের আসন সংরক্ষিত নেই।

পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী	বান্দরবান জেলার অধিবাসী
০৪	০১

১৮। আবাসিক হলের আসনঃ

স্নাতক ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের (ছাত্র/ছাত্রী) জন্য হলে আসন প্রাপ্তির সম্ভাবনা নেই। সেক্ষেত্রে সকল শিক্ষার্থীকে নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য:

(ক) বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে ভর্তির ব্যাপারে প্রভাবিত করার প্রচেষ্টা প্রার্থীকে অযোগ্য প্রতিপন্ন করবে।
(খ) ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫) এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
(গ) ক্লাশ শুরুর পর বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী শিক্ষার্থীকে তার শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে হবে।
(ঘ) বিশেষ পরিস্থিতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হলে সরকারী নির্দেশনা মোতাবেক সকল প্রকার স্বাস্থ্যবিধি মেনে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫) সংরক্ষণ করে।

আরিফ আহম্মদ চৌধুরী
সদস্য-সচিব
স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ
ও
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৪

প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম
সভাপতি
স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ
ও
ডীন, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৪